



বনানী ডিওএইচএস পরিষদ BANANI DOHS PORISHOD

বিডিপি/বান্ধন/৩৫/এ

২৪ সেপ্টেম্বর ২০২৬

“বান্ধন” ১৩তম সংখ্যা প্রকাশনা উপলক্ষে লেখা আহ্বান

১। বনানী ডিওএইচএস পরিষদের পক্ষ থেকে সম্মানিত বাসিন্দাদের আনন্দের সাথে জানাচ্ছি যে, বার্ষিক স্মরণিকা “বান্ধন” এর ১৩তম সংখ্যা আগামী বাংলা নববর্ষ -১৪৩৮ উদযাপন অনুষ্ঠানের পূর্বেই প্রকাশ করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। বার্ষিকীটিতে ডিওএইচএস পরিষদ কর্তৃক গৃহীত বিভিন্ন কল্যাণমূলক কার্যকলাপের বিবরণীর সাথে বাসিন্দাদের রচিত প্রবন্ধ, গল্প, কবিতা, ভ্রমণ কাহিনী, রম্যরচনা, সায়েন্স ফিকশান, জীবন কাহিনী, খেলাধুলার প্রতিবেদন, কৌতুক প্রভৃতিও প্রকাশিত হয়ে থাকে। এসব বিষয়ে আগ্রহী ব্যক্তিবর্গের নিকট থেকে লেখা আহ্বান করা হচ্ছে।

২। বনানী ডিওএইচএস একটি শান্তিপূর্ণ ক্ষুদ্র জন-বসতি। “বান্ধন” প্রকাশনার একটি অন্যতম উদ্দেশ্যই হচ্ছে এখানকার বাসিন্দাদের মধ্যে সৌহার্দ্য ও সম্প্রীতির উন্নয়ন এবং বিস্তার ঘটানো। বার্ষিকীটিতে কোন উস্কানীমূলক, বিভাজন ও শান্তি বিনষ্টকারী ধর্মীয়, রাজনৈতিক ও সামাজিক বিষয়াদি পরিহার করার জন্য সম্মানিত লেখকদের বিনীত অনুরোধ জানানো হচ্ছে।

৩। ১৩ তম সংখ্যাটি প্রকাশের জন্য এ সব বিষয়ে ইংরেজি ও বাংলা লেখা আহ্বান করা যাচ্ছে। উল্লেখ্য যে, লেখা সর্বোচ্চ ১২০০-১৫০০ শব্দের মধ্যে সীমাবদ্ধ থাকতে হবে। উল্লিখিত লেখা পরিষদের ই-মেইলে (bananidohs20@gmail.com) পাঠাতে হবে। উল্লেখ্য যে, লেখকের এক কপি পাসপোর্ট সাইজ ছবির সাথে লেখার একটি প্রিন্টেড কপিও (Hard Copy) ডিওএইচএস পরিষদ কার্যালয়ে পাঠাতে হবে। ছবি সহ লেখার কপি সমূহ (Soft এবং Hard) আগামী ৩০ ডিসেম্বর ২০২৬ তারিখের মধ্যে পাঠাতে বিনীত অনুরোধ করা হলো।

আলী বখতিয়ার মাহমুদ মেহেদী
কনভেনার পাবলিকেশন সাব কমিটি

ও

ভাইস প্রেসিডেন্ট

বনানী ডিওএইচএস পরিষদ

বিতরণঃ

কার্যক্রমঃ

বনানী ডিওএইচএসের সম্মানিত সকল বাসিন্দাগণ

Telephone: +88 02 8714697

E-mail : infodohsbanani@gmail.com

Web : www.bananidohs20@gmail.com

Dhaka Cantonment, Dhaka- 1206, Bangladesh.